লার্নিং অ্যাট হোম এবং "অন দা গো" সিরিজ
অতি শৈশব সাক্ষরতা বিষয়ে পিতামাতা নির্দেশিকা



শিশু সাক্ষরতার উন্নয়নে সহায়তা প্রদানে*প্রি-কে কর্মসূচিগুলো* নিউ ইয়র্ক স্টেট প্রি-কিন্ডারগার্টেন ফাউন্ডেশন ফর কমন কোর ব্যবহার করে।

সাক্ষরতায় অভিনিবেশ – আপনার সন্তানের প্রি-কে শুরুর অনেক আগেই রিডিংয়ের প্রতি তার ভালোবাসা জন্মে। আপনি যখনই তাকে সাথে নিয়ে শব্দ করে পড়েন, তখন সে রিডিংয়ের আনন্দ লাভ করে এবং রিডিং অভিজ্ঞতার সাথে যুক্ত হয়। আপনি তার সাক্ষরতা বৃদ্ধি এবং রিডিং দক্ষতা অর্জনে তাকে সহায়তা দিয়ে ভবিষ্যতে একজন সফল স্বাধীন পাঠক হিশেবে গড়ে তুলতে পারেন।

❖ **আনন্দের উৎস হিশেবে সাক্ষরতা** – আপনি চাইবেন আপনার সন্তান বই দেখে এবং তাকে বই পড়ে শোনালে খুশি হোক। যখন তারা কিছু শুনে উৎফুল্ল হয়ে থাকে, তখন তাদের পড়ার প্রতি আগ্রহ তৈরি হয়।
আমরা গবেষণা থেকে যা জানি –পিতামাতাগণ যদি সন্তানদের সাথে আনন্দদানের জন্য পড়ে এবং তারা যদি শিক্ষার্থীদেরকে দেখাতে সক্ষম হয় বইপড়া আনন্দের একটি উৎস তাহলে শিক্ষার্থীরা সাবলীল পাঠক হিশেবে গড়ে ওঠে। (স্নো, বার্ন এবং গ্রিফিন, ১৯৯৮,)।

আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে পারেন – বই সম্পর্কে প্রতিদিন আপনার সন্তানের সাথে আলোচনা করে তাকে বুঝতে দিন রিডিং কতটা গুরুত্বপূর্ণ। সাক্ষরতা বা জ্ঞানকে একটি আনন্দের বিষয়ে পরিণত করুন। নিয়মিত স্থানীয় লাইব্রেরিতে যান এবং আপনার সন্তানের লাইব্রেরি কার্ডের জন্য রেজিস্টার করুন। বাড়িতে নেয়ার জন্য তাকে কিছু বই বেছে নিতে দিন। আপনার সন্তানকে ছবি দেখে পড়ার ভান করতে দিন এবং আপনি তাকে গল্পটি পড়ে শোনাতে পারেন। গল্পের সময়টিতে খোশ-মেজাজে থেকে তাকে উপভোগ্য করে তুলুন।

❖ **শব্দভাণ্ডার এবং ভাষা গড়ার উপায়**– সাক্ষরতা শুরু হয় শোনা এবং বলার মাধ্যমে। বাচ্চারা তাদের পরিচিত কণ্ঠ থেকে শোনে এবং তারা উত্তরে সেগুলি আধো আধোভাবে উচ্চরণ করে। পরে, আপনার সন্তান তার চিন্তা-ভাবনাগুলো সংগঠিত করে তা বলতে শুরু করে। তারা কথা বলার দক্ষতা থেকে লেখার ভাষায় যায়। ক্রমাগত অধিক শব্দ শেখার মধ্য দিয়ে, তারা রিডিং এবং রাইটিংয়ের মধ্যে একটি সম্পর্ক তৈরি করে এবং ছাপানো শব্দসমূহের একটি অর্থ তৈরি করতে শুরু করে।
গবেষণা থেকে আমরা যা জানি – বিভিন্ন উপায়ে নতুন শব্দাবলির সাথে পরিচিত হয়ে শিক্ষার্থীরা অনেক সময় রিডিংয়ের শব্দভাণ্ডার বৃদ্ধিতে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে। (সেনেচাল, ১৯৯৭; লিয়াং, ১৯৯২: ড্যানিয়েলস্, ১৯৯৪, ১৯৯৬: ডোল, স্লোন, এবং ট্র্যাটেন, ১৯৯৫)
আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে পারেন – আপনার সন্তানের সাথে কথা বলুন। তারা যা বলে সেটির সাথে যোগ করুন। যেমন, আপনার সন্তান যদি বলে, "বাইরে যাও," আপনি তার সাথে যোগ করতে পারেন, "তুমি কি আজ বাইরে যেতে চাও? আমরা রান্নাঘর পরিষ্কার করে বাইরে যেতে পারি।" আপনার সন্তানকে জিজ্ঞেস করুন। শব্দের অর্থ ব্যাখ্যা কর। গতকাল যা ঘটেছে এবং আগামীতে কী ঘটতে পারে সেসম্পর্কে তার সাথে কথা বলুন। প্রতিদিন আপনার সন্তানের সাথে পড়ুন এবং গল্পগুলোর ব্যাপারে জিজ্ঞেস করুন। গান করুন এবং শব্দ দিয়ে ছন্দের খেলা খেলুন। নতুন চিন্তা-ভাবনার সাথে পরিচিত হতে এবং শব্দভাণ্ডার গড়তে পাথর, গাছ, প্রাণী, জনগোষ্ঠি অথবা চিন্তার বিষয়ের তথ্যমূলক বই পড়ুন।

❖ **শব্দের ধ্বনি সম্পর্কিত শিক্ষণই সাক্ষরতার অংশ।** আপনার সন্তান বর্ণ এবং শব্দের ধ্বনি সম্পর্কে শেখা শুরু করবে। এর অন্তর্ভুক্ত বিভিন্ন ধ্বনি, কথ্য ভাষার প্যাটার্ন, এবং কীভাবে শব্দগুলো সাজানো হয় তা শোনা এবং বোঝা।
আমরা গবেষণা থেকে কী জানি – পড়া এবং বানান শেখার প্রধান উপায় ধ্বনির একক বোঝা (এহরি, ১৯৮৪)।
আমার সন্তানকে কীভাবে সহায়তা করতে পারি – গান করুন, গল্প পড়ুন এবং ছন্দের খেলা খেলুন। আপনার সন্তানকে কোন গানের জন্য নতুন কোন কবিতা তৈরি করতে বলুন। পরিচ্ছন্নতা বিষয়ের গান, ঘুম-পড়ানী গান, স্কুলের জন্য তৈরি হবার গান বানাতে শেখান। আপনি ঐসব শব্দসমূহ দেখাতে পারেন যা একই ধরনের ধ্বনি দিয়ে শুরু যেমন আপনার সন্তানের নাম এবং আপনার পরিবারের সদস্যদের নামগুলো শব্দমাত্র অনুযায়ী হাততালি দিয়ে উচ্চারণ করুন।

❖ **ছাপানো লেখা পড়ে জ্ঞান লাভই সাক্ষরতা** – আপনার সন্তান শিখছে যে, ছাপার লেখার অনেক উদ্দেশ্য আছে। তারা শেখে আমরা বিভিন্ন সাইন পড়ে কোথায় যেতে অথবা কী করতে হবে তা জানতে পারি; আমরা ছাপার অক্ষরের মাধ্যমে বা প্রিন্ট ব্যবহার করে অন্যদের কাছে বার্তা পাঠাই; আমরা বার্তা লিখি, মেন্যু পড়ি, এবং অন্যদের কাছে আমাদের চিন্তা-ভাবনা এবং অনুভূতি প্রকাশ করি। শিক্ষার্থীরা পড়া শেখার আগে, তারা অর্থবহ শব্দ চিনতে শিখি যেমন আমাদের নাম এবং রেস্টুরেন্টসমূহের নাম এবং কোন দোকানের জিনিসপত্রের নাম। এগুলি পরবর্তী রিডিং দক্ষতার ভিত্তির অংশ।
আমরা গবেষণা থেকে যা জানি – তিন বছর বয়সী শিশুরাও জানে যে ছাপার অক্ষর বার্তা বহন করে(ম্যাকগি, রিচগেলস্, চার্লসওয়ার্থ, ১৯৮৬)।
আমার সন্তানকে কীভাবে সহায়তা দিতে পারি – আপনার সন্তানকে আপনি যেসব রেস্টুরেন্ট এবং দোকানে যান সেগুলির লোগো পড়তে সহায়তা করুন, এছাড়া যেসব জিনিস আপনি সময় কেনেন সেগুলিতে প্রিন্ট করা নামগুলি পড়তে দিন যেমন টুথপেস্ট, হালকা খাবার এবং সিরিয়াল। ক্যালেন্ডার, রান্নার প্রণালী, শুভেচ্ছা কার্ড, লেবেল, এবং বাচ্চাদের নিউজপেপার এবং ম্যাগাজিন পড়ুন। যেসব শব্দ শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ সেগুলি লিখতে তাদেরকে সহায়তা করুন।

❖ **বর্ণ এবং শব্দের জ্ঞান শিক্ষাই সাক্ষরতা–** আপনার সন্তান একটি বর্ণের সাথে অন্য বর্ণের ধ্বনি মিলাতে শেখে এবং বলা শব্দগুলির সাথে লেখার শব্দগুলো মেলায়।
আমরা গবেষণা থেকে যা জানি – বর্ণ দিয়ে তৈরি নিজেদের নামগুলি শেখা শিক্ষার্থীদের জন্য অত্যন্ত উদ্দীপনামূলক(শেয়ার এবং জ্যাফ-গার, ১৯৯৯; ব্লাডগুড, ১৯৯৯)।

আমার সন্তানকে কীভাবে সহায়তা করতে পারি – বর্ণমালার বইগুলো পড়ুন যাতে আপনার সন্তান যেসব জিনিস তার জন্য অর্থবহ সেগুলি সাথে বর্ণের একটি সম্পর্ক দেখতে পায়। আপনার সন্তানের নাম এবং অন্য যাদেরকে সে চেনে তাদের নামের বর্ণগুলি নিয়ে তার সাথে কথা বলুন। তাদের সঙ্গে বর্ণমালার গানটি করুন। বর্ণের আকৃতি সম্পর্কে তার সাথে আলোচনা করুন যেমন কিছু বর্ণ বৃত্তের মতো, কোনটিতে ফোঁটা আছে বা কোনটি সোজা লাইন দিয়ে গঠিত। আপনার কাছে গুরুত্বপূর্ণ এমন শব্দগুলো ছবিসহ কার্ডে লিখুন যেমন তারা যাদেরকে চেনে তাদের অথবা পোষা কোন প্রাণীর নাম।

❖ **সাক্ষরতা বোঝার ক্ষমতা গড়ে তোলা** – আপনার সন্তান রিডিং থেকে অর্থ তৈরি শুরু করে। তারা তাদের অভিজ্ঞতা দিয়ে পড়ার সাথে একটি যোগাযোগ গড়ে তোলে। ভালো পাঠকদের পূর্বের একটি জ্ঞান থাকে যা তাকে ভাষা বুঝতে সহায়তা করে।

গবেষণা থেকে আমরা যা জানি – ভবিষ্যত রিডিং সাফল্যের জন্য বোঝার ক্ষমতা জরুরি কারণ এ থেকে তারা যা শোনে এবং পড়ে সেটি প্রক্রিয়াকরণে সক্ষম হয় (টিল এবং ইয়োকোটা, ২০০০)।

আমার সন্তানকে কীভাবে সহায়তা দিতে পারি – বিভিন্ন জায়গা পরিদর্শন এবং নানা রকম জিনিস দেখার সময় আপনার সন্তানকে নতুন শব্দের সাথে পরিচয় করিয়ে দিন। তাকে বিভিন্ন প্রশ্ন করতে উৎসাহিত করুন এবং আপনি তাকে ব্যাখ্যামূলক প্রশ্নও করতে পারেন। যেমন, আপনি জিজ্ঞেস করতে পারেন, "এটা দিয়ে তুমি কী বোঝাতে চাইছো?" কোন ছবি দেখিয়ে আপনার সন্তানকে জিজ্ঞেস করতে পারেন ছবিতে কী হচ্ছে অথবা তাকে কোন পরিচিত গল্প আবার বলতে অনুরোধ জানাতে পারেন।

❖ **সাক্ষরতা হলো বই এবং অন্যান্য টেক্সট তৈরি** – আপনার সন্তানকে বিভিন্ন ধরনের বইয়ের সাথে পরিচিত করুন। বিভিন্ন ধরনের বইয়ের মধ্যে আছে: তথ্যমূলক, ননফিকশন, ধারণা প্রদান, শব্দহীন বই, ফিকশন, কল্পকাহিনি, রূপকথা, লোক-কাহিনি, ঐতিহাসিক ফিকশন, কবিতা, গল্পেরবই, ছবির বই, জীবন-কাহিনি, আত্মজীবনীমূলক, জনগোষ্ঠি এবং প্রাণী সম্পর্কিত বই, এবং গানের বই।

গবেষণা থেকে আমরা যা জানি তথ্যমূলক টেক্সটে অধিক মনোযোগ শিক্ষার্থীদেরকে আরও ভালো পাঠক এবং তথ্যমূলক বইয়ের লেখক হিশেবে গড়ে তুলবে। (ক্রিস্টি, ১৯৮৪, ১৯৮৭)।

আমার সন্তানকে কীভাবে সহায়তা দিতে পারি – আপনার সন্তানকে উপরে উল্লিখিত বিভিন্ন ধরনের বইয়ের সাথে পরিচিত করুন। বইগুলোর মধ্যে কী পার্থক্য এবং সেগুলি কেমনভাবে একই রকম তা নিয়ে আলোচনা করুন। তথ্য এবং নতুন বিষয় জানতে বই ব্যবহার করুন।

(লিটারেসি, ক্রিয়েটিভ ক্যারিকুলাম, কেইট হেরোম্যান, ক্যান্ডি জোনস্, ২০০৪)
(স্নো, ১৯৯৮)
(সেনেচাল অ্যান্ড লিয়াং)
(এহরি, ১৯৯৫)
(ম্যাকগি, ১৯৮৬)
(শেয়ার অ্যান্ড অ্যাফ-গার অ্যান্ড ব্লাডগুড, ২০১০)
(ইয়োকোটা, ২০০০)
(ক্রিস্টি, ১৯৯১)

এটি আপনাদের জন্য প্রস্তুত করেছে 'দি অফিস অব আরলি চাইল্ডহুড এডুকেশন'
www.nyc.gov/schools/earlychildhood
ফোন: 212-374-0351
ইমেইল: earlychildhood@schools.nyc.gov
আমাদের ওয়েবসাইটে প্রি-কে কর্মসূচি সম্পর্কে জানতে পারবেন:
http://schools.nyc.gov/ChoicesEnrollment/PreK